# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِى الصَّلَاةِ

---

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأَ فِي رَكْعَتَيِ الْفَجْرِ: (قُلْ يَا أَيهَا الْكَافِرُونَ)
و (قل هُوَ الله أحد)
رَوَاهُ مُسلم

## বাংলা

৮৪২-[২১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের (ফজরের) দুই রাক্‌আত সালাতে ’’কুল ইয়া- আইয়্যুহাল কা-ফিরূন’’ ও ’’কুল হুওয়াল্ল-হু আহাদ’’ তিলাওয়াত করেছেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭২৬, আবূ দাঊদ ১২৫৬, নাসায়ী ৯৪৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে ফাজরের (ফজরের) দু’ রাক্‘আত দ্বারা উদ্দেশ্য হলো ফাজরের (ফজরের) দু’ রাক্‘আত সুন্নাত। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজরের (ফজরের) সুন্নাত সালাতে প্রায়ই ছোট ছোট সূরাহ্ পড়তেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন